



১৯ সেপ্টেম্বর ২০২২

সম্মানিত সদস্য
বাংলাদেশ কম্পিউটার সমিতি।

বিষয়: 'উদ্ভাবন ও উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ' শীর্ষক প্রকল্প হতে অনুদান সংক্রান্ত আবেদন আহবান।

মহোদয়,
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর অধীনস্থ 'উদ্ভাবন ও উন্নয়ন একাডেমী' প্রতিষ্ঠাকরণ (আইডিয়া) শীর্ষক প্রকল্প ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান, উদ্যোক্তা, বিশেষ করে নারী উদ্যোক্তাদের উন্নয়ন, উৎসাহ প্রদানের লক্ষ্যে একটি বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে।

সেলক্ষ্যে, দেশে উদ্যোক্তা, সাপ্লাই চেইন তৈরী, ডিজিটাল উদ্যোক্তা তৈরী, এসএমই থেকে স্টার্টআপ তৈরী এবং নারী উদ্যোক্তাদের উন্নয়নের লক্ষ্যে আইডিয়া প্রকল্প কর্তৃক নির্বাচিতদের এককালীন অনুদান প্রদান করবে। অনুদান প্রদানে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করা হবে:

০১। উদ্যোক্তাদের বৈধ জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।

০২। ব্যাংক একাউন্ট হয়ে থাকতে হবে।

০৩। ডিজিটাল বিজনেস আইডেন্টিফিকেশন নম্বর (ডিবিআইডি) থাকতে হবে।

০৪। প্রাপ্ত আবেদনপত্র সমূহ আইডিয়া প্রকল্প কর্তৃক যাচাই বাছাই শেষে সিলেকশন কমিটিতে উপস্থাপন করা হবে।

উল্লেখ্য, বিসিএস কর্তৃক প্রাথমিক বাছাই এর পর তা আইডিয়া প্রকল্প কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে। নির্বাচিত প্রত্যেক উদ্যোক্তা এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পাবেন।

এমতাবস্থায়, আগ্রহী নারী উদ্যোক্তাদের আগামী ২১ সেপ্টেম্বর ২০২২, বুধবার বেলা ৪টার মধ্যে সংযুক্তি মোতাবেক আবেদনপত্র ইমেইলে (dgm@bcs.org.bd) প্রেরণ করার জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

(কামরুল হোসাইন)

মহাসচিব

বাংলাদেশ কম্পিউটার সমিতি

সংযুক্তি: ০১. আইডিয়া প্রকল্প কর্তৃক অনুদান প্রদান সম্পর্কিত গাইডলাইন ২০২২।

০২. আবেদনপত্রের কপি।

অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন: ০১৯৩৮ ৪৯১১৮৭ (ইকরাম খান, প্রোগ্রাম অফিসার, বিসিএস)